



বাংলাদেশ গ্যাস ফিল্ট্রেশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
সাধারণ প্রশাসন শাখা



...

| | |
|------------|---|
| সভাপতি | মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল |
| সভার তারিখ | ১৫.০৯.২০২০ |
| সভার সময় | দুপুর ২:৩০ ঘটিকা |
| স্থান | অনলাইন জুম মিটিং |
| উপস্থিতি | কমিটির সদস্যবৃন্দ |

১৫.০৯.২০২০ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) সভা অনলাইন জুম মিটিং (Meeting ID 5543790282) এ কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০ আলোচনা

১.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২০)-এর লক্ষ্যমাত্রা কমিটির সদস্য-সচিব সভায় উপস্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, ১ম কোয়ার্টারের অধিকাংশ লক্ষ্যমাত্রা অর্জন করা হয়েছে এবং কতিপয় কার্যক্রম বাস্তবায়নধীন রয়েছে। এ পর্যায়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, ১ম কোয়ার্টারের যেসকল লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা হয়নি সেসকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যেই বাস্তবায়ন করতে হবে।

১.২। কমিটির সদস্য ও 'শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন' বাস্তবায়নকারী কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (তিতাস ফিল্ড-দক্ষিণ) জনাব মোঃ জাকির হোসেন তরফদার সভায় কোম্পানিতে অনুসৃত উত্তম চর্চার একটি তালিকা উপস্থাপন করেন। সভায় অংশগ্রহণকারী সকল সদস্য উক্ত তালিকার বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং এতদ্বিষয়ে স্ব স্ব মতামত ব্যক্ত করেন। সভার আলোচনা ও মতামতের আলোকে উত্তম চর্চার তালিকা চূড়ান্তকরণের জন্য সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন এবং নির্ধারিত সময়ের মধ্যেই চূড়ান্তকৃত তালিকা পেট্রোবাংলায় প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান।

১.৩ সভায় আলোচনার প্রাক্কালে কমিটির সদস্য ও ই-নথির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ আমান উল্লাহ বাহার উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) বিজিএফসিএল এর দাপ্তরিক কাজে ই-নথি ব্যবহারের বর্তমান অবস্থা তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, আগত ডাক সময়মত নথিজাত/আর্কাইভ/নথিতে উপস্থাপন করা প্রয়োজন। অনেক বিভাগের কর্মকর্তাদের মধ্যে এ ব্যাপারে শৈথিল্য মনোভাব পরিলক্ষিত হচ্ছে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তাছাড়া, আমাদের দাপ্তরিক কাজে ই-নথির ব্যবহার আরও সম্প্রসারণ করার পক্ষে তিনি সভায় যুক্তি উপস্থাপন করেন। সভায় অংশগ্রহণকারী সকলেই তাঁর আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাঁর সাথে একমত পোষণ করেন। এ পর্যায়ে সভায় সভাপতি মহোদয় আগত ডাক সময়মত নথিজাত/আর্কাইভ/নথিতে উপস্থাপন করা ও দাপ্তরিক কাজে ই-নথির ব্যবহার আরও সম্প্রসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ই-নথির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ আমান উল্লাহ বাহার উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল)-কে নির্দেশনা প্রদান করেন।

২.০ সিদ্ধান্ত:

২.১। ১ম কোয়ার্টারের যেসকল লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা হয়নি সেসকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যেই বাস্তবায়ন করতে হবে।

২.২। উত্তম চর্চার তালিকা চূড়ান্ত করে নির্ধারিত সময়ের মধ্যেই পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।

২.৩। আগত ডাক সময়মত নথিজাত/আর্কাইভ/নথিতে উপস্থাপন করা ও দাপ্তরিক কাজে ই-নথির ব্যবহার আরও সম্প্রসারণ করার লক্ষ্যে ই-নথির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ আমান উল্লাহ বাহার উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২০.৮২৭

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭

২৭ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক (সংস্থাপন) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
- ৩) ব্যবস্থাপক (আইডব্লিউটি), বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল